



UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF)

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)
Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.

Email. updfcht@yahoo.com Website: www.updfcht.com

Ref:

Date: ২০ জানুয়ারি ২০১৯

প্রেস বিজ্ঞপ্তি

খাগড়াছড়িতে ইউপিডিএফ সদস্যকে হত্যার নিন্দা

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট(ইউপিডিএফ)-এর খাগড়াছড়ি জেলা ইউনিটের ভারপ্রাপ্ত প্রধান সংগঠক উজ্জ্বল স্মৃতি চাকমা আজ ২০ জানুয়ারি ২০১৯, রবিবার সংবাদ মাধ্যমে প্রদত্ত এক বিবৃতিতে গতকাল শনিবার রাতে সদর উপজেলার গাছবানে নিজ বাড়িতে পিপলু ত্রিপুরা ওরফে রনি ত্রিপুরা নামে ইউপিডিএফ সদস্যকে গুলি করে হত্যার তীব্র নিন্দা ও প্রতিবাদ জানিয়েছেন।

বিবৃতিতে তিনি এ হত্যার ঘটনাকে পরিকল্পিত উল্লেখ করে বলেন, গতকাল রাত সাড়ে আটটার সময় সংস্কারবাদী জেএসএস সন্ত্রাসীরা নিজ বাড়িতে রনি ত্রিপুরাকে গুলি করে হত্যার পর পালিয়ে যায়। এরপর নিরাপত্তা বাহিনীর একটি পিকআপে করে খুনিদের নিরাপদে সরিয়ে নেওয়া হয়।

তিনি অভিযোগ করে বলেন, খাগড়াছড়িতে একের পর এক ইউপিডিএফ ও তার সহযোগী সংগঠনের নেতা-কর্মী ও সমর্থককে হত্যা করা হলেও খুনিদের গ্রেফতার করা হচ্ছে না। উপরন্তু এসব সন্ত্রাসীদের লেলিয়ে দিয়ে খুন, গুম, অপহরণ, চাঁদাবাজিসহ নানা সন্ত্রাসী কর্মকাণ্ড চালিয়ে এলাকায় ত্রাসের রাজত্ব কায়েমের ষড়যন্ত্র করা হচ্ছে। কাজেই প্রশাসন কিছুতেই এই হত্যার দায় এড়াতে পারে না।

ইউপিডিএফ নেতা অবিলম্বে রনি ত্রিপুরার খুনিদের গ্রেফতার করে দৃষ্টান্তমূলক শাস্তির দাবি জানান।

উল্লেখ্য, রনি ত্রিপুরা কয়েক বছর আগে এক দুর্ঘটনায় পায়ের মারাত্মক আঘাতপ্রাপ্ত হয়ে পঙ্গু অবস্থায় জীবন-যাপন করছিলেন এবং বাড়িতে চিকিৎসারত অবস্থায় ছিলেন। তিনি ক্রাচের সাহায্যে কোন রকমে চলাফেরা করতেন।

রনি ত্রিপুরা রামগড় উপজেলার বল্টুরাম পাড়ার মৃত নিগমানন্দ বৈষ্ণবের ছেলে। বর্তমানে তিনি গাছবানের ২নং প্রকল্প গ্রামে পরিবারসহ বসবাস করছেন।

বার্তা প্রেরক

নিরন চাকমা

প্রচার ও প্রকাশনা বিভাগ

ইউপিডিএফ।